লামায় অতিরিক্ত টোল আদায়ের অভিযোগ

নিজস্ব প্রতিবেদক, বান্দরবান:

বান্দরবানের লামা উপজেলার সরই ইউনিয়নে অতিরিক্ত টোল আদায় ও নানা অভিযোগ করেছে স্থানীয় ব্যবসায়ীরা।

সূত্র জানায়, বান্দরবান জেলা পরিষদের আওতাধীন ইজারাদার পণ্যের তালিকা ও নির্ধারিত টাকার পরিমানের সাইন বোর্ড প্রদর্শন পাইকারী ও খুচরা ব্যবসায়ীদের কাছ থেকে নিয়ম বহির্ভূত ও রশিদ না দিয়ে অতিরিক্ত টোল টেক্স আদায়ের অভিযোগ উঠেছে।

এর ফলে স্থানীয় কৃষকরা ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হচ্ছে। অপর দিকে কৃষকরা স্থানীয় বাজার গুলোতে পণ্য আনা কমিয়ে দিয়েছে। অতিরিক্ত টোল টেক্স নেয়ার কারণে ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হচ্ছে স্থানীয় কৃষক।

স্থানীয় পাইকারী ব্যবসায়ী মো. সেলিম জানান, ইজারাদার মো. দিলশান ও জামাল প্রভাবশালী হওয়ায় সরকারি নিয়মনীতি তোয়াক্কা না করে অতিরিক্ত টোল আদায় করে আসছে। ব্যবসায়ীরা প্রতিবাদ করলে নানা হয়রানির শিকার হতে হয়।

এলাকার খুচরা ব্যবসায়ী হারুন জানান, টোল আদায়ের হিসাব বিবরণী সাইনবোর্ড প্রদর্শন না করে রশিদ না দিয়ে অতিরিক্ত টোল নেয়ার ফলে স্থানীয় পাহাড়ি-বাঙ্গালী কৃষকদের উপস্থিতি কমে গেছে এবং তাদের উৎপাদিত শস্য, সবজি, গাছ, বাঁশ, ফলমূল, গরু-ছাগল বাজারে আনা বন্ধ করে দিয়েছে।

এবিষয়ে ইজারাদার মো. দিলশান জানান, অতিরিক্ত টোল আদায়ের

অভিযোগ মিথ্যা। ব্যবসায়ীদের কাছে যতটুকু মালামালের টোল নিচ্ছেন তার রশিদ দিচ্ছেন।

সরই ইউপি চেয়ারম্যান মো. ফরিদ-উল আলম জানিয়েছেন, টোল আদায়ের চার্ট না লাগিয়ে অতিরিক্ত টোল আদায়ের বিষয়টি শুনেছি। এটি জেলা পরিষদের নিয়ন্ত্রানাধীন তাই আমরা বললেও ইজারাদার কর্ণপাত করবে না। তবে স্থানীয় কৃষকরা ক্ষতিগ্রস্ত হচ্ছে।

বান্দরবান পার্বত্য জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ নুরুল আবছার বলেন, তালিকা অনুযায়ী টোল আদায় করতে পারবে ইজারাদার। এর বাইরে গেলে ইজারাদারের বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেয়া হবে।